দৈনিক
ইত্তেফাক

তারিখ 1 0 JAN 2015
পৃষ্ঠা ২ কলাম ১

# ইসলামী বিশ্ববিদ্যালয় আবারো বন্ধ ঘোষণা, হল ত্যাগের নির্দেশ

■ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয় আবারো অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক জরুরি সিন্ডিকেটের মিটিংএ সিদ্ধান্ত নেয়। আজ শনিবার সকাল ১০টার মধ্যে শিক্ষার্থীদের আবাসিক হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে বিশ্ববিদ্যালয়ের বাসে এক ছাত্র নিহতের জের ধরে গত ৩০ নভেম্বর বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ৩৫ দিন বন্ধ থাকার পর গত ৭ জানুয়ারী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল সমূহ খুলে দেওয়া হয়।